দৈনিক খবর

তারিখ ... 23 JUN 199? ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2 ...

12

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী ক্লাসে আবার বাধ্যতামূলক হচ্ছে ইংরেজী

॥ মাহফুজুর রহমান ॥

আগামী শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ডিগ্রী (পাস) পর্যায়ে আবারো ইংরেজী বাধ্যতামূলক করা হচ্ছে। বিষয়টি এখন একাডেমিক কাউন্সিলের অনুমোদনের অপেক্ষায় রয়েছে এবং ব্যাপারটি আঁচ করতে পেরে অনেকেই জীবনের শেষ সুযোগ হিসেবে ডিগ্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। ফলে এবারে পরীক্ষার্থী রেকর্ডসংখ্যক হবে বলে ধারণা করা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজে বি এ (পাস) পর্যায়ে আবারো ইংরেজী বাধ্যতামূলক করছেন। প্রায় এক বছর আগে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া শুরু হয় এবং বর্তমানে তা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। দেশের অন্য সকল বিশ্ববিদ্যালয়ে ডিগ্রী পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক থাকলেও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বেশ কয়েক বছর আগে ডিগ্রী পর্যায়ে ইংরেজী

২-এর পাতায় দেখুন

# ডিগ্রী ক্লাসে আবার ইংরেজী

প্রথম পৃষ্ঠার পর

ঐচ্ছিক বিষয় করেন। কিন্তু অল্পদিন পরেই শিক্ষা মন্ত্রণালয় থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে দেয়া এক চিঠিতে পুনরায় ডিগ্রীতে (পাস) ইংরেজী বাধ্যতামূলক করার প্রস্তাব করা হয়। গত বছর এ প্রস্তাব নিয়ে বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ও ডীনদের এক সভায় আলোচনা করা হয়। তবে এ' সভায় ইংরেজী চালু করা বা না করার পক্ষে কোন সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়নি। তুমুল বিতর্কের একপর্যায়ে এ' প্রশ্নে সকল চেয়ারম্যানের লিখিত মতামত নেয়ার সিদ্ধান্ত হয়। এ' সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যানদের মতামত নেয়া হয়েছে এবং মাত্র তিন/চারজন ছাড়া অন্য সকল চেয়ারম্যান ইংরেজী চালুর পক্ষে মত দিয়েছেন বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, চেয়ারম্যানদের এ' মতামতের ওপর ভিত্তি করে ডিগ্রীতে (পাস) ইংরেজী আবার বাধ্যতামূলক করার বিষয়টি এখন চূড়ান্তপ্রায়। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের পরবর্তী সভার আলোচ্যসূচীতে এ' বিষয়টি রাখা হয়েছে। একাডেমিক কাউন্সিলে আলোচনা করেই চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

এদিকে আগামী অক্টোবরে অনুষ্ঠেয় ডিগ্রী (পাস) পরীক্ষায় অংশগ্রহণের জন্য এখন ফর্ম পূরণ করার কাজ চলছে। কর্তৃপক্ষ ডিগ্রী পর্যায়ে ইংরেজী আবারো চালু করতে যাচ্ছেন এ' বিষয়টি অনেকেই জেনেছে। আগামী শিক্ষাবর্ষ থেকে ইংরেজীর মোকাবেলায় আবারো নামতে হবে এ' দুশ্চিন্তায় অনেক ছাত্র-ছাত্রীর ঘুম হারাম হয়েছে। ইংরেজী ছাড়াই গ্রাজুয়েট হবার স্বপ্ন বুঝি এবার ভেঙ্গে যায়। যে করেই হোক এবারের শেষ সুযোগ নিতে অনেকেই প্রস্তুত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রতিবছর ডিগ্রী পরীক্ষার্থীর সংখ্যা থাকে প্রায় ৭০/৮০ হাজার। কিন্তু ইংরেজীভীতির কারণে পরীক্ষার্থীর সংখ্যা এবার রেকর্ডসংখ্যক হবে বলে সংশ্লিষ্টরা ধারণা করছেন।

আর মাত্র তিন মাস পরে আগামী অক্টোবরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষা। কিন্তু পরীক্ষার্থীরা জানিয়েছেন, বাংলার তিনটি সিলেকশন বইয়ের কোনটি এখন বাজারে নেই। বিশ্ববিদ্যালয়ের প্রকাশনা শাখা ও গ্রন্থ সংস্থায় খবর নিয়ে জানা গেছে, ডিগ্রীর বাংলা গল্প সংকলন, কবিতা সংকলন ও প্রবন্ধ বই তিনটি তাদের কাছে নেই। ঐ বই এখন প্রেসে ছাপার অপেক্ষায় রয়েছে। প্রেস থেকে এলে তারা দিতে পারবেন। তবে কবে নাগাদ প্রেস থেকে আসবে এ ব্যাপারে তারা কিছু বলতে পারেন নি।

সংশ্লিষ্ট অপর একটি সূত্র জানায়, বই তিনটি সম্পাদনার জন্য যাদেরকে দেয়া হয়েছিল তারা সময়মত কাজ না করায় অনেক দেরীতে ছাপতে দেয়া হয়েছে। ফলে আরো মাসখানেক সময় লাগবে এ' বই বাজারে আসতে।